গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৯৬৭

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩৩ ব:
১৮ জুন ২০২৬ খ্রি.

**২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন এবং কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২৪/০৬/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app5.nu.edu.bd/nu-web/applicantLogin* এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২ (দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* ওয়েবসাইটে **HONOURS ADMISSION** লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তা পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। **বিষয় পরিবর্তনের জন্য শিক্ষার্থীকে প্রযোজ্য ক্ষেত্রে ভর্তির ফি বিভাগে সমন্বয় করতে হবে।**

**নোট ০১: যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হবে উক্ত শিক্ষার্থীকে** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app5.nu.edu.bd/nu-web/applicantLogin* হতে **পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম ডাউনলোড পূর্বক ২২/০৬/২০২৬ থেকে ২৪/০৬/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।**

**নোট ০২: উল্লেখ্য যে, কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২২ জুন ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে উক্ত শিক্ষার্থীর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী বিষয় পরিবর্তন করতে পারবে না।**

## ১। ভর্তির সময়সূচি, প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই ও স্থান ঃ

| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই এবং ভর্তি | তারিখ | বিষয়ের নাম | সময় | স্থান |
|---|---|---|---|---|
| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই | ২২/০৬/২০২৬ | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ১ টা পর্যন্ত | শিক্ষক মিলনায়তন |
| ভর্তি | ২৩/০৬/২০২৬ ও ২৪/০৬/২০২৬ | সকল বিষয় | সকাল ৯ টা থেকে বেলা ২ টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ |

## ২। ভর্তির নিয়মাবলী:

রাজশাহী কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত **Admission Roll** ব্যবহার করতে হবে। যাচাই-বাছাই-এর পর ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী ২৩/০৬/২০২৬ থেকে ২৪/০৬/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ বোর্ড অথবা *https://rc.gov.bd/notice_panel/rc/upload_notices/IMG_20240320_0001.pdf* লিংক হতে ফি'র পরিমাণ জানা যাবে।

### DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী ঃ

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**** রকেট app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

। যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে ***http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours*** লিংকে গিয়ে আগামী ২৪/০৬/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই তাদের **Admission Form** ডাউনলোড করে নিতে হবে। তাছাড়া তাদের বিষয় পরিবর্তন ও পরিবর্তিত আইডি *https://rc.gov.bd/wp-content/uploads/2026/06/2nd_migration_25-26_outgoing.pdf* লিংক থেকে পিডিএফ ডাউনলোড করেও জানা যাবে।

৪। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা**

ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।

খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের Applicants কপি ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।

গ) ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন পিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ছবির অনুরূপ হবে)।

ঘ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে Admission roll ব্যবহার করে নিজের তথ্যে প্রবেশ করা যাবে। সেখান থেকে Confirmation Slip এবং Student Admission form ডাউনলোড এবং প্রিন্ট করে উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রসহ বিভাগে জমা দিতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট বিভাগ শিক্ষার্থীকে ফেরত দিবে।

**চ) মুক্তিযোদ্ধা (FQ) কোটার ক্ষেত্রে**

১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপিসহ ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

২। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসির সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্মনিবন্ধনের মূল ও ফটোকপি ;

৩। **মুক্তিযোদ্ধার অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে;**

৪। শিক্ষার্থীর জন্মনিবন্ধনের মল কপিসহ ফটোকপি।

৫। গেজেটে কপিতে যে পাতায় মুক্তিযোদ্ধার নাম উল্লেখ রয়েছে তার এক কপি ফটোকপি।

**ছ) প্রতিবন্ধী ও অন্যান্য কোটার ক্ষেত্রে**

১। সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক মুল সনদ ও তার ফটোকপি

**জ) অন্যান্য কোটার ক্ষেত্রে**

১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মুলকপি।

৫। **ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইটের (*https://rc.gov.bd*) নোটিশ বোর্ড,** *https://rc.gov.bd/wp-content/uploads/2026/06/1H_Admission_Fees_2025-2026.pdf* **লিংক, বিভাগ, ক্যাশ শাখা ও কলেজ নোটিশ বোর্ড থেকে জানা যাবে।**

*বি:দ্র:* **এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৯৬৭ (২৮)

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩৩ বঃ
১৮ জুন ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। বিভাগীয় প্রধান, ........................................................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম ২৪/০৬/২০২৬ বেলা ২.৩০ টার মধ্যে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ২৫/০৬/২০২৬ তারিখ বিকাল ২.৩০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট (রাজশাহী কলেজ লাইব্রেরিতে) জমা দিতে হবে;**

৩। আহ্বায়ক, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী;

৬। ক্যাশিয়র২৮ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৭। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ ১৮/০৬/২৬
রাজশাহী কলেজ, রাজশাহী।
১৮/০৬/২৬